# মে-২০১৭ মাসে দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ২১/০৫/২০১৭ খ্রিঃ

সময় ঃ ১০.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ক-তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভায় এনজিও সমূহকে প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১০.৩০ মিনিটে এনজিও বিষয়ক সমন্বয় সভার বৈঠক হবে মর্মে আলোচনা হয়। গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

**নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের মে/১৭ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ**

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ২০২৭ জন কে ৪,০২,৩০,০০০/- এবং কৃষি ঋণ দেওয়া হয় ৯৫ জনকে ২০,২০,০০০/- | দিনাজপুর সদর | |
| | (২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৩৮ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১২৪২ জন। শিক্ষকদের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয়। | | |
| | (৩) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং এ পর্যন্ত ১৬০ টি মিটিং অনুষ্ঠিত হয়েছে ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর ১৬ পালন করা হয়েছে । | | |
| | (৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ১০১৫০ টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। | | |
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে পারিবারিক নির্যাতন প্রতিরোধ চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ১৫ টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তির করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২৩৫ জনকে দেওয়া হয়েছে। | | |
| | (৮) কৃষি ও প্রযুক্তি উন্নয়ন | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ৫০০ কেজি, ২৫০০ কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজযেমন লাউ, মুলা, শিম, শসা,মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | বিবেচ্য মাসে দিনাজপুর সদর,জেলা প্রশাসনের সাথে জাতীয় দূর্যোগ প্রশমন দিবস ২০১৬ পালন করা হয় এবং জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস ২০১৭ উদ্‌যাপন করা হয়। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (১০) প্রশিক্ষণ<br><br>(১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ।<br><br>(১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে লনিং সেন্টার মাধ্যমে ৩০০ জন কে ব্র্যাক উপকারভোগী কর্মী কর্মকর্তাকে এবং ৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে।<br><br>বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী দিবস এবং ধূমপান মুক্ত দিবস-২০১৭ পালন করা হয়। | | |
| **সিডিডি** | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন<br><br>(৪) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৫) নৃত্তাত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ০৪ জন প্রতিবন্ধী ব্যক্তিকে ক্ষুদ্র ব্যবসার জন্য ৪৫,০০০/- সুদমুক্ত ঋণ প্রদান করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ০৭ টি সরকারি প্রথমিক বিদ্যাল ফলোয়াপ করা হয় এবং প্রতিবন্ধী পরিবারের শিক্ষা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী সহ ০৩ জন প্রতিবন্ধী শিশু ও নারীর ধর্ষনের ন্যায় বিচার প্রাপ্তির জন্য নারী ও শিশু নির্যাতন কোটে মামলার ফলোআপ করা হয়।<br><br>বিবেচ্য মাসে ১০ জন প্রতিবন্ধী শিশুকে প্রাইমারী রিহ্যাবিলিটেশন থেরাপি প্রদান ১১০ জন সদস্যকে নিয়ে মাসিক মিটিং করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে আদিবাসী প্রতিবন্ধী উন্নয়ন সংগঠনের মিটিং এর মাধ্যমে তাদের স্বাস্থ্য সচেতনতা ও আয় বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত হওয়ার জন্য আলোচনা করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **এমবিএস কে** | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম,<br><br>(৩) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৪) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে ১৩২১ জন সদস্যদের মাঝে ২৮,১২০,০০০/- ঋণ বিতরণ করা হয়।<br><br>বিবেচ্য মাসে ৫ নং শশরা ইউনিয়নে ৬৬৪২ টি খানার মধ্যে ২৮০০০ উপকারভোগী রয়েছে। উক্ত ইউনিয়নে ১০০% স্বাস্থ্যসেবা নিশ্চিত করণের লক্ষ্যে ১৪ জন স্বাস্থ্যসেবী, ০২ জন প্যারামেডিকেল ডাক্তার এবং ০২ জন এমবিবিএস ডাক্তার প্রতিনিয়ত স্বাস্থ্যসেব প্রদান করছে।<br><br>বিবেচ্য মাসে ৫ নং শশরা ইউনিয়নের ১৯ টি গ্রামে ৫১ টি বিদ্যালয়ে ৫১ জন শিক্ষকের মাধ্যমে শিশু শ্রেণীর মোট ১২৫৮ জন ছাত্র ছাত্রীকে শিক্ষা প্রদান করা হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশর গ্রামীন স্যানিটেশন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বিশ্বব্যাংকের সহায়তায় দিনাজপুর সদর, উপজেলার ছয়টি শাখার মাধ্যমে ৩৫০০ টি স্বাস্থ্যসম্মত ও টেকসই ল্যাট্রিন স্থাপন করা হবে এবং প্রাথমিকভাবে ৪০০ টি পরিবারে ল্যাট্রিন জরিপ কাজ সম্পূর্ন হয়েছে। ২৫০ জন আগ্রহী সদস্যকে ১৭টি গ্রুপমিটিং এর মাধ্যমে ল্যাট্রিন স্থাপন ও ব্যবহার সম্পর্কে উদ্বুদ্ধ করা হয়। | **দিনাজপুর সদর**<br>**৫ নং শশরা ইউপি,** | |

| | | | | |
|---|---|---|---|---|
| **সনাক** | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) বিবিধ | চলতি মাসে সচেতন নাগরিক কমিটি (সনাক) এর উদ্যোগে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সহযোগিতায় দিনাজপুর সদর উপজেলার পিছিয়ে পড়া ৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি'র সভাপতিবৃন্দকে নিয়ে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নসহ শিক্ষা প্রতিষ্ঠানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২৩মে, ২০১৭ এফপিএবি হলরুমে এক সমন্বয় সভার আয়োজন করা হয়।<br><br>১। দুর্নীতি প্রতিরোধ তথ্য অধিকার আইনকে আরও কার্যকরী করার লক্ষ্যে দিনাজপুর সনাকে'র ইয়েস সদস্যদের উদ্যোগে ২ মে, ২০১৭ জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসে তথ্য প্রদানকারী কর্মকর্তার নেমবোর্ড প্রদর্শনের বিষয়ে এক ক্যাম্পেইন পরিচালিত হয়।<br>২। সনাকে'র অন্যান্য নিয়মিত সভা যেমনঃ সনাক সভা, ইয়েস সভা, ইয়েস ফ্রেন্ডস পৃথক পৃথক দিনে অনুষ্ঠিত হয়। | **দিনাজপুর সদর** | |
| **অন্বেষণ** | প্রশিক্ষণ ও অন্যান্য | বিবেচ্য মাসে দর্জি বিজ্ঞান প্রশিক্ষন দেওয়া হয় ১৫ জন নারীকে। মা ও পুষ্টি সর্ম্পকে বিস্তারিত ধারনা পরামর্শ ও আলোচনা সভা করা হয় ৩০ জনকে নিয়ে একবার। | **দিনাজপুর সদর** | বিএনএফ ফান্ড ও নিজস্ব তহবিলের দ্বারা। |
| **মানব কল্যাণ পরিষদ** | নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে ৪০ টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহণ, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন ও মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | **১নং ইউপি ২নং ইউপি ৬নং ইউপি ৭নং ইউপি** | |
| **এইড কুমিল্লা** | আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে দিনাজপুর সদর উপজেলায় আইন সহায়তা কমিটির দ্বি-মাসিক সভা করা হয় ১টি এবং ইউনিয়ন আইন নসহায়তা কমিটির দ্বি-মাসিক সভা করা হয় ৪নং শেখপুরা, ১০নং কমলপুর ইউ.পি তে। এছাড়াও গ্রাম পর্যায়ে উঠান বৈঠক করা হয়। পোস্টার, ইনফোরমেশন কার্ড ও লিফল্যাট বিতরণ করা হয়। | দিনাজপুর সদর | |
| **সিডিএ** | বৃক্ষ রোপন ও বিবিধ | বিবেচ্য মাসে বৃক্ষ রোপন করা হয়েছে ২৪৩টি, আইনি সহায়তা প্রদান ৪টি, বসত ভিটায় সবজি চাষ ২৮৯টি। | **দিনাজপুর সদর** | |
| **ওয়ার্ল্ড ভিশন** | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম প্রশিক্ষণ সহ<br><br>(৩) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | বিবেচ্য মাসে পুষ্টি বিষয়ক কর্মসূচী করা হয় ৩৬৫ জনের মাঝে।<br><br>বিবেচ্য মাসে বয়স্ক ও গণশিক্ষা দেওয়া হয় ৩২০ জনকে।<br><br>বিবেচ্য মাসে বাল্যবিবাহ যৌতুক প্রতিরোধ ও সচেতনতা সভা করা হয় ৮০০ জন এর মাঝে। | **দিনাজপুর পৌরসভা ১ নং ইউপি, ৬ নং ইউপি, ৪ নং ইউপি** | |
| **দি লেপ্রসী মিশন বাংলাদেশ** | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের মাঝে উদ্বুদ্ধ করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন করণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৩ টি দল চলমান আছে। সদস্য সংখ্যা-২৪৭ জন।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ রোগী সনাক্তকরণ এবং হাসপাতালে প্রেরণ করা হয়। দলীয় সদস্যদের চলতি মাসে একজোড়া ক্র্যাচ প্রদান করা হয়। পাঁচবাড়ী স্কুল এন্ড কলেজে ৩০০ জন ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের নিয়ে কুষ্ঠ রোগের সচেতনতা বৃদ্ধি করা। | **দিনাজপুর সদর উপজেলা** | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয়। | | |
| **অরবিন্দু শিশু হাসপাতাল** | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে বর্হিবিভাগে ১৯৩৬ জনকে সেবা দেওয়া হয়, অন্তঃ বিভাগে ৪৩৯ জনকে সেবা দেওয়া হয়, সম্প্রসারিত টিকা ১৮৭ জনকে দেওয়া হয় এবং প্যাথলজী বিভাগে ৩০৪ জনকে সেবা দেওয়া হয়। | **দিনাজপুর সদর** | |
| **সান ফ্লওয়ার** | কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে জৈব কৃষক দল তৈরী করা হয় ০২টি এবং জৈব কৃষি বিষয়ক আলোচনা সভা করা হয় ০৪ টি । | **দিনাজপুর সদর** | |
| **গ্রাম বিকাশ কেন্দ্র** | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ঋণ বিতরণ করা হয় ৮০৭ জনের মাঝে ১৯,০২০০০/- সঞ্চয় আদায় করা হয় ৩০,২৬,৬৩০/-<br><br>বিবেচ্য মাসে ৩০৩ জন আদিবাসী ছাত্র/ছাত্রী কে কোচিং প্রদান করা হয় এবং ৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র সমাবেশ করা হয়েছে। সমাবেশে মোট উপস্থিত ছিল ৫৪৫জন শিক্ষার্থী। | **দিনাজপুর সদর** | |
| **সোসাইটি ফর উদ্যোগ** | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br>(৩) কৃষি ও পরিবেশ<br><br>(৪) স্যানিটেশন কার্যক্রম | বিবেচ্য মাসে ৯১ জনকে ২৩৮৮০০০/- ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ২৪১২৯৭৮/-<br><br>বিবেচ্য মাসে ১ নং ইউপি, বড়ইল গ্রামে রোকেয়ার বাড়ীতে ও পূর্ব শিবরামপুর গ্রামে রীনার বাড়ীতে ৩০ জন ও ২০ছাত্র/ছাত্রী নিয়ে প্রাক প্রাথমিক বিদ্যালয় চলমান রয়েছে।<br><br>বিবেচ্য মাসে নশিপুর নদিয়া পাড়ায় ২৫ জন কৃষককে চলতি ইরি মৌসুমে মাটি পরীক্ষা করে পরিমিত রাসায়নিক সার ও জৈব সার বোরো ধানের জমিতে প্রয়োগ করার পরামর্শ প্রদান করা হয়।<br><br>বিবেচ্য মাসে উঠান বৈঠকে সদস্যদের স্যানিটেশনে উদ্বুদ্ধ করা হয়। | **পৌরসভা ১ নং ও ৪নং ইউপি** | |
| **রুরাল রিকনস্ট্রকশন ফাউন্ডেশন** | শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ১৬৯ জন শিশুর প্রত্যেকের ব্যাংক একাউন্টে ৪১৪৫ টাকা করে মোট ৭০০৫০৫/- এবং ১০ জন শিশুর নামে আসা বিশেষ উপহারের ২৯৩৯১/- টাকা প্রদান করা হয়। | **পৌরসভা ১ নং ইউপি ২ নং ইউপি ৪নং ইউপি** | |
| **মেরি স্টোপস ক্লিনিক** | স্বাস্থ্য কার্যক্রম | বিবেচ্য মাসে ১২০ জনকে প্রসবকালীন সেবা প্রদান করা হয়। ৮০৮ জনকে গর্ভকালীন পরিচর্জা করা হয়। ১২২ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। ৩৬১টি জনকে সচেতনামূলক কাউন্সিলিং করা হয়। ৪০৯১ জনকে পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **অনুঘটক** | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | **দিনাজপুর সদর** | |
| **আমইর চাইল্ড ডেভেলপ্মেন্ট স্পন্সরশীপ প্রোঃ** | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) স্বাস্থ্য সেবা | দিনাজপুরের ৮টি স্কুলে ১৭৯ জন শিশুর পড়াশোনা, স্কুলের বেতন, খাতা, কলম প্রদান করা হয়।<br><br>১৯৭ জন শিশুর চিকিৎসা সেবা প্রদান করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **এসএমএনবি** | (১) শিশু সচেতনতা | বিবেচ্য মাসে ৪০ শিশুদের নিয়ে সামাজিক সচেতনতা সভা করা হয়।<br>বিবেচ্য মাসে ৫টি পরিবারের মাঝে ০৫ সেট ব্রাট্রিন বিতরণ | **দিনাজপুর সদর** | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (২) স্যানিটেশন | করা হয়। ল্যাট্রিন কোন গ্রামে বিতরণ করা হয় তা উল্লেখ নেই। | | |
| **ইএসডিও** | স্বাস্থ্য সেবা | বিবেচ্য মাসে সাউথ এশিয়া ওয়াশ রেজাল্ট প্রকল্পের আওতাভূক্ত স্কুলগুলোতে হাত ধোয়া এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম বাস্তবায়নের জন্য বিদ্যালয় পরিদশণ করা হয়।<br>যে সকল বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যানুযায়ী টয়লেট এবং হাত ধোয়ার ব্যবস্থা নেই সে স্কুলগুলোতে ওয়অশ ব্লক স্থাপনের জন্য উপজেলা ও জেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বরাবরে দরখাস্ত প্রেরণ করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **নিরাপদ বংলাদেশ সংস্থা** | (১) প্রশিক্ষণ<br><br>(২) স্যানিটেশন | বিবেচ্য মাসে ২ নং সুন্দরবন ইউপি'র বনগ্রামে স্থানীয় দ্রব্য ব্যবহারের মাধ্যমে মজবুত ঘর তৈরীর বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষনে ৩০ জন অংশগ্রহণকারী ছিলেন।<br><br>বিবেচ্য মাসে সুন্দরবন ইউনিয়নের ২নং ও ৩নং ওয়ার্ডে ৬টি ল্যাট্রিন স্থাপন করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **কাঞ্চন সমিতি** | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে শিশু স্বাস্থ্য সেবা দেওয়া হয়ছে ৫০২৩ জনকে এবং পরিবার পরিকল্পনা পদদ্ধি গ্রহণ করেছেন ৬৮৪৮ জন। | **দিনাজপুর সদর** | |
| **অনন্যা সংস্থা** | (১) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(২) শিশু শুরক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ১৭ জন প্রতিবন্ধীকে ব্যায়াম, পরামর্শ দেওয়া হয় এবং ৭ জনকে ফলোআপ করা হয় এবং ০১ জনকে চিকিৎসার জন্য রেফার করা হয়।<br><br>বিবেচ্য মাসে বাল্য বিবাহ রোধ বিষয়ে ২ টি সচেতনতা সভা করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **ওয়াল্ড ভিশন বাংলাদেশ এবং পল্লীশ্রী** | (১) তথ্য অধিকার সংক্রান্ত কর্মসূচী<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে লোক সংগিতের মাধ্যমে সমাজের মানুষদের সামাজিক নিরাপত্তা বিষয়ক প্রচারনা অব্যাহত রাখা হয়।<br><br>বিবেচ্য মাসে শিক্ষা ও তথ্য বিষয়ক পোষ্টার, লিফলেট প্রকশণা, জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন এবং শিক্ষা বহুল বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়। | **দিনাজপুর সদর** | |
| **যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই** | | **১। অনন্যা সংস্থা, ২। ইয়ং ড্রাগন মার্শাল সেন্টার এবং ৩। অরবিন্দু শিশু হাসপাতাল প্রমুখ।** | | |

**<u>শোক প্রস্তাবঃ</u>** সভাপতি মহোদয় অনন্যা সংস্থা, দিনাজপুরের নির্বাহী পরিচালক মরহুমা কানিজ ফাতেমা বেগম এর মৃত্যু জনিত শোক প্রস্তাব সভায় উত্থাপন করেন। কানিজ ফাতেমা বেগম ১৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখ জিয়া হার্ট ফাউন্ডেশন, দিনাজপুরে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাহি রাজিউন)। সভাপতি মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

উক্ত শোক প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<u>সভায় গৃহীত সিদ্ধান্তবলীঃ</u>

১। **প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি -৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।**

২। প্রতিটি এনজিও নির্দিষ্ট এক বা দুই জন প্রতিনিধি নির্ধারন করবেন। যারা উপজেলার প্রতিটি এনজিও সমন্বয় সভায় উপস্থিত হবেন।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। প্রতি মাসের ১৯ তারিখে সকাল ১০.৩০ মিনিটে এনজি ও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত হয় এবং সকল সংস্থাকে অবহিত করার জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।

৫। ‘বি-স্কিল ফুল, ঢাকা’ আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। সকল এনজিওকে মাদক নিয়ন্ত্রনে সার্বিক সহযোগীতা প্রদান এবং জনসাধারণকে সচেতন করতে বিভিন্ন মূখী কার্যকরি উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

৮। এনজিও সমূহের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্নপূর্বক সংশ্লিষ্ট সংস্থাকে প্রশিক্ষণার্থীদের উপযুক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্য বলা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত//-
মোঃ আব্দুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর,দিনাজপুর।

## পরিশিষ্ট -ক

উপস্থিত সদস্যদের নাম ও পদবী ( স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনজাপুর সদর, দিনজপুর ”
২। জনাব মোঃ নুর জামান হোসেন, উপ- সহকারী প্রকৌশলী জনস্থাস্থ্য দিনাজপুর সদর, দিনাজপুর ”
২। জনাব মোঃ মহসিন আলী,জেলা ব্রাক প্রতিনিধি দিনাজপুর। ”
৩। জনাব প্রদিপ কুমার, প্রজেক্ট কোঅর্ডিনেটর, অন্বেষণ, বাসুনিয়াপট্টি, দিনাজপুর ”
৪। জনাব আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক অনুঘটক, রামনগর দিনাজপুর। ”
৫। জনাব বেলে নুর, সমন্বয়কারী উত্তরন প্রতিবন্ধী সংস্থা, ২ নং ইউপি,দিনাজপুর। ”
৬। জনাব মোঃ হারিসুল্লাহ, হিসাব রক্ষক, বিচিত্রা উন্নয়ন সংস্থা, কসবা দিনাজপুর। ”
৭। জনাব কৃষ্ণকান্ত রায়, ডিআইআরএফ, সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভেলপমেন্ট, নিমনগর, দিনা: ”
৮। জনাব মোঃ শামীম কবির, হিসাব সহকারী, আশ্রয়, সুইহারী, বড়গুড়গোলা, দিনাজপুর ”
৯। জনাব লাকী মারান্ডী, প্রকল্প সমন্বকারী,গ্রাম বিকাশ কেন্দ্র, নিমনগর, বালুবাড়ী, দিনাজপুর ”
১০। জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক, বড়বন্দর, দিনাজপুর। ”
১১। জনাব মোঃ সাইয়েদুল মোরছালিন, মিস অফিসার, এমবিএসকে, বালুবাড়ী, দিনাজপুর ”
১২। জনাব দুলাল হোসেন সাব-এগ্রিকালচার ডেভেলোপমেন্ট অফিসার, সোসাইটি ফর উদ্যোগ,ঘাসিপাড়া,দিনা:”
১৩। জনাব আফছার আলী, নির্বাহী পরিচালক, এস.আই.ডি.পি সংস্থা, খানপুর, সদর, দিনাজপুর ”
১৪। জনাব মোঃ হাফিজুর রহমান, নির্বাহী পরিচালক, ডিসি, বিরামপুর, দিনাজপুর। ”
১৫। জনাব আয়েশা বেগম, নির্বাহী পরিচালক, নারীর জন্য নারী সংস্থা, ইসলামবাগ, দিনাজপুর। ”
১৬। জনাব বিউটি রানী রায়, অফিস সহকারী, সিডিসি, দিনাজপুর ”
১৭। জনাব সুনিল হাঁসদা, ফিল্ট অফিসার, কারিতাস, সদর, দিনাজপুর। ”
১৮। জনাব জামিনুল ইসলাম, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, মানব দিশারী সমাজ উন্নয়ন সংস্থা, দিনা: ”
১৯। জনাব মোঃ আজিজুল হক, ফিল্ড অফিসার, এইড কুমিল্লা, মিশোনরোড, দিনাজপুর ”
২০। জনাব পুলিন চন্দ্র রায়, প্রোগ্রাম সমন্বয়কারী, নিরাপদ বাংলাদেশ সংস্থা, সুন্দরবন, দিনাজপুর। ”
২১। জনাব এম এ, ছালাম, ব্যাঞ্চ ম্যানেজার, টিএমএসএস, উপশহর ১নং দিনাজপুর। ”
২২। জনাব ইষ্টের আলপনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহাপাড়া চাইল্ড স্পন্সর, উত্তর গোসাইপুর, দিনাজপুর ”
২৩। জনাব উইলিয়াম কর্মকার, হিসাব রক্ষক, মশীহপাড়া, উত্তর গোসাইপুর, সদর, দিনাজপুর ”
২৪। মোঃ সাজেদুর রহমান, প্রতিনিধি, বি-স্কিল ফুল, ঢাকা ”
২৫। মোঃ জয়নুল ইসলাম, এডমিন এন্ড ফিন্যান্স অফিসার,......... টেকনিকাল ইনস্টিটিউট, বালুবাড়ী, দিনাজপুর”
২৬। জনাব শ্যামল রায়, সিডিও, আর আর এফ, গোবিন্দপুর সদর, দিনাজপুর। ”
২৭। জনাব নুরুজ্জামান হক, শাখা ব্যবস্থাপক, নিরা, মির্জাপুর, দিনাজপুর। ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজপুর।

স্মারক নং- ৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৭-১৮৭ তারিখ ঃ ১৫ জুন, ২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
৫। চেয়ারম্যান ,..................নং .............ইউপি সকল দিনাজপুর, দিনাজপুর।
৬। জনাব......................................এনজিও প্রতিনিধি দিনাজপুর সদর, দিনাজপুর।

স্বাক্ষরিত//-
মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজপুর সদর,দিনাজপুর